# মানবতার বিবেককে প্রতিদিন ক্ষতবিক্ষত করছে গাজা: তুরস্কের প্রেসিডেন্ট এরদোয়ান



সংগৃহীত ছবি

তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ান বলেছেন, গাজায় ইসরায়েলের হামলা শুধু একটি ভূখণ্ডের সংঘর্ষ নয়, বরং মানবতার ওপর গভীর আঘাত। শিশু, নারী, বৃদ্ধসহ হাজারো মানুষের মৃত্যু, অবকাঠামো ধ্বংস এবং মৌলিক সেবার ভাঙন—সবকিছু মিলে এটি মানবতাবিরোধী অপরাধ ও পরিকল্পিত গণহত্যার প্রতিচ্ছবি।

গাজায় চলমান মানবিক বিপর্যয়কে বিশ্ব সম্প্রদায়ের জন্য বড় চ্যালেঞ্জ হিসেবে বর্ণনা করেছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ান। তিনি বলেন, এটিকে কেবল একটি ভূখণ্ডের সংঘাত হিসেবে দেখা ভুল হবে। বরং প্রতিদিন এই বিপর্যয় মানবতার বিবেককে ক্ষতবিক্ষত করছে। শনিবার (১৬ আগস্ট) স্থানীয় সময় তিনি এক ভাষণে এ মন্তব্য করেন।

এরদোয়ান বলেন, মাসের পর মাস ধরে ইসরায়েলের বোমাবর্ষণে গাজার নিরীহ শিশু, নারী ও বৃদ্ধরা প্রাণ হারাচ্ছেন। শহরগুলো ধ্বংসস্তূপে পরিণত হয়েছে, ঘরবাড়ি থেকে শুরু করে হাসপাতাল, বিদ্যালয় ও উপাসনালয় পর্যন্ত কিছুই রক্ষা পায়নি। খাদ্য, পানি, বিদ্যুৎ ও স্বাস্থ্যসেবা সম্পূর্ণ ভেঙে পড়েছে।

তিনি সতর্ক করে বলেন, ক্ষুধা, তৃষ্ণা এবং মহামারির ঝুঁকি গাজাকে এক ভয়াবহ মানবিক ধ্বংসের পথে ঠেলে দিচ্ছে। এখন পর্যন্ত ইসরায়েলি হামলায় ৬১ হাজারেরও বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন। এরদোয়ানের ভাষায়, এই চিত্র শুধু যুদ্ধের ক্ষতচিহ্ন নয়, বরং একটি পরিকল্পিত গণহত্যা নীতির নির্মম প্রমাণ।